চুয়াডাঙ্গার দর্শনা-গেদে সীমান্ত সড়ক পথে ভিসা চালুর দাবিতে মানববন্ধন

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা-গেদে চেকপোস্ট দিয়ে সড়ক পথে ভারতীয় ভিসা চালুর দাবি জানিয়ে মানববন্ধন করেছে ।

গতকাল সোমবার সকাল ১০ ঘটিকার সময় দর্শনা নাগরিক কমিটির আয়োজনে দর্শনা প্রেসক্লাবের সামনে এ মানববন্ধন কর্মসূচী পালন করা হয় । প্রায় ঘণ্টাখানেক সড়কে দাড়িয়ে এ মানববন্ধন থেকে অবিলম্বে ভারতীয় ভিসা পুনরায় চালুর দাবি জানানো হয়।

বক্তারা বলেন,বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের কারণে বাংলাদেশের সকল স্থলবন্দর ও চেকপোস্ট সাময়িক বন্ধ ঘোষনা হয়। করোনা পরিস্থিত স্বাভাবিক হয়েছে, দেশের সকল বন্দর চালু হয়েছে। কিন্তু অজানা কারণে আজও দর্শনা পথ চালু হয়নি। এতে দুর্ভোগে পড়েছে দুক্ষন-পশ্চিম অঞ্চলের অন্তত ২৫ জেলার মানুষ। তাই লাখ লাখ মানুষের এই ভোগান্তি লাঘবে দর্শনা-গেদে চেকপোস্ট চালু করতে হবে।

বক্তারা মানববন্ধন থেকে পরবর্তী কর্মসূচি হিসেবে ১৫ অক্টোবর চেকপোস্ট এলাকায় অনশন কর্মসূচী ঘোষণা দেন। এবং অবিলম্বে এই দাবি মানা না হলে বৃহত্তর কর্মসূচির হুসিয়ারী দেন বক্তারা।

মানববন্ধনে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা মাহফুজুর রহমার মনজু, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দামুড়হুদা মুক্তিযোদ্ধা কমান্ড ইউনিটের সাবেক কমান্ডার বীরমুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, দৈনিক সকালের সময় পত্রিকার দামুড়হুদা উপজেলা প্রতিনিধি জাহাঙ্গীর আলম , হানিফ মন্ডল এর উপস্থাপনায় আরো বক্তব্য রাখেন, সংবাদপত্র এজেন্ট মফিদুল আলম ও দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট প্রমুখ।